

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ৪, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ কার্তিক ১৪২৬/০৩ নভেম্বর ২০১৯

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.৩২৮—জনাব মোহাম্মদ শহিদুল হক ১৯৮২ সালের নিয়মিত ব্যাচে বাংলাদেশ সিভিল সার্ভিস (জুডিশিয়াল) ক্যাডারে যোগদান করেন। সুদীর্ঘ কর্মজীবনে তিনি সহকারী জজ, সিনিয়র সহকারী জজ, যুগ্ম জেলা জজ এবং অতিরিক্ত জেলা ও দায়রা জজসহ জুডিশিয়াল বিভাগের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। ১৯৯৮ সালে তিনি উপসচিব পদে আইন মন্ত্রণালয়ে যোগদান করেন এবং পরে উক্ত মন্ত্রণালয়ের যুগ্মসচিব ও অতিরিক্ত সচিব হিসাবেও দায়িত্ব পালন করেন। ২০০৯ সালে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ প্রতিষ্ঠার পর থেকে জনাব মোহাম্মদ শহিদুল হক উক্ত বিভাগের সচিব হিসাবে দায়িত্ব পালন করেন। ২০১৪ সালে সরকারি চাকুরি থেকে অবসর গ্রহণের পরেও চুক্তিভিত্তিক নিযুক্তিতে তিনি উক্ত বিভাগের সচিব এবং সিনিয়র সচিব হিসাবে গভীর নিষ্ঠা, দক্ষতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করে গেছেন।

২। সরকারি কর্মকর্তা হিসাবে দীর্ঘকাল প্রজাতন্ত্রের কর্মে গুরুত্বপূর্ণ অবদান রাখায় জনাব মোহাম্মদ শহিদুল হক-কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে মোহাম্মদ শহিদুল হক ও তাঁর পরিবারের সকলের দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করে মন্ত্রিসভার ১২ কার্তিক ১৪২৬/২৮ অক্টোবর ২০১৯ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত ধন্যবাদ প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(২৪৬০৫)
মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

১২ কার্তিক ১৪২৬
ঢাকা : ২৮ অক্টোবর ২০১৯

জনাব মোহাম্মদ শহিদুল হক ১৯৮২ সালের নিয়মিত ব্যাচে বাংলাদেশ সিভিল সার্ভিস (জুডিশিয়াল) ক্যাডারে যোগদান করেন। সুদীর্ঘ কর্মজীবনে তিনি সহকারী জজ, সিনিয়র সহকারী জজ, যুগ্ম জেলা জজ এবং অতিরিক্ত জেলা ও দায়রা জজসহ জুডিশিয়াল বিভাগের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। ১৯৯৮ সালে তিনি উপসচিব পদে আইন মন্ত্রণালয়ে যোগদান করেন এবং পরে উক্ত মন্ত্রণালয়ের যুগ্মসচিব ও অতিরিক্ত সচিব হিসাবেও দায়িত্ব পালন করেন। ২০০৯ সালে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ প্রতিষ্ঠার পর থেকে জনাব মোহাম্মদ শহিদুল হক উক্ত বিভাগের সচিব হিসাবে দায়িত্ব পালন করেন। ২০১৪ সালে সরকারি চাকুরি থেকে অবসর গ্রহণের পরেও চুক্তিভিত্তিক নিযুক্তিতে তিনি উক্ত বিভাগের সচিব এবং সিনিয়র সচিব হিসাবে গভীর নিষ্ঠা, দক্ষতা ও সুনামের সঙ্গে দায়িত্ব পালন করে গেছেন।

জনাব মোহাম্মদ শহিদুল হক আগামী ৩১ অক্টোবর ২০১৯ তারিখে চুক্তির মেয়াদ অবসানের পরিপ্রেক্ষিতে সরকারি চাকুরি হতে বিদায় নিচ্ছেন। সুদীর্ঘ কর্মজীবনে তিনি রাষ্ট্রের আইন প্রণয়ন কার্যক্রমে তাঁর ওপর অর্পিত দায়িত্ব সুচারুরূপে সম্পাদন করেন। এছাড়া সরকারি বিধি-প্রবিধি প্রণয়ন এবং বিভিন্ন দেশের সঙ্গে দ্বিপাক্ষিক চুক্তির ক্ষেত্রে আইনগত বিষয়ে তিনি গুরুত্বপূর্ণ মতামত দিয়েছেন।

সরকারি কর্মকর্তা হিসাবে দীর্ঘকাল প্রজাতন্ত্রের কর্মে গুরুত্বপূর্ণ অবদান রাখায় মন্ত্রিসভা জনাব মোহাম্মদ শহিদুল হক-কে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছে। মন্ত্রিসভা মোহাম্মদ শহিদুল হক ও তাঁর পরিবারের সকলের দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd